تعليم القرآن الكريم للأطفال والكبار

শিশু ও বয়স্কদের
কুরআন
শিক্ষার সহজ পদ্ধতি

আবু আহমাদ সাইফুদ্দীন বেলাল

সম্পাদনা
উমার ফারুক আব্দুল্লাহ
আল-আহসা ইসলামিক সেন্টার
বাংলা বিভাগ, সৌদি আরব

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
ভূমিকা	4
পরামর্শ	9
আরবি বর্ণমালা (ব্যঞ্জনবর্ণ)	11
আরবি অক্ষরের উচ্চারণ	13
বাংলা-ইংরেজি প্রতিবর্ণ	16
(ক) কাছাকাছি আকৃতির আরবি অক্ষর	19
(খ) নোক্তাযুক্ত অক্ষরসমূহ	20
(গ) নোক্তাযুক্ত অক্ষরসমূহ	21
(ঘ) নোক্তা ছাড়া অক্ষরসমূহ	22
(ঙ) খালি ঘর পূরণ করুন	23
(চ) নোক্তা যুক্ত করুন	24
(ছ) আরবি অক্ষরসমূহ ক্রমানুসারে লিখুন	25
(জ) আরবি ব্যঞ্জনবর্ণগুলো চিহ্নিত করে লিখুন	26
(ঝ) স্বরবর্ণ ও স্বরধ্বনিগুলো চিহ্নিত করে লিখুন	27
স্থানভেদে প্রতিটি অক্ষরের রূপ-আকৃতি	28
আরবি স্বরবর্ণ	30
আরবি স্বরধ্বনি	31
হ্রস্ব স্বরবর্ণ ও দীর্ঘ স্বরবর্ণ	32
হারাকাত ক্বস্বীরাহ-হ্রস্ব স্বরবর্ণ তিনটিঃ	33
ফাতহা (ـَ) আ-কার (া)	33
কাসরা (ـِ) ই-কার (ি)	36
যম্মা (ـُ) উ-কার (ু)	39
হারাকাত তবীলাহ-দীর্ঘ স্বরবর্ণ তিনটিঃ	43
ফাতহা ত্ববীলাহ (ـَا) দীর্ঘ আ-কার (া)	34

বিষয়	পৃষ্ঠা
কাসরা ত্বীলাহ (ـِـي) ঈ-কার (ী)	45
যম্মা ত্বীলাহ (ـُـو) ঊ-কার (ূ)	47
স্বরধ্বনি তিনটি:	50
(এক) সুকূন: ْ (্) হস্ চিহ্ন	50
(দুই) তানবীন: ٌ ٍ ً [নূনসাকিনকে বলে]	55
তানবীনের উদাহরণ	57
(তিন) তাশদীদ-শাদ্দাহ (ّ) দ্বিত্ব চিহ্ন	60
তাশদীদের উদাহরণ	61
এক শব্দে একাধিক তাশদীদ	67
বানান করার পদ্ধতি	68
বানান করার উদাহরণ	70
শব্দে আরবি অক্ষরের ব্যবহার	72
একই ধরণের দু'টি অক্ষরের সমস্যার সমাধান	80
হামজা ওয়াসলী ও কত্ব'য়ী	92
হামজা ওয়াসলী পড়ার নিয়ম	92
হামজা ওয়াসলীর রূপ ও আকৃতি	94
হামজা কত্ব'য়ী	94
নূন কুত্বনী পড়ার নিয়ম	95
যা লিখতে আসে পড়তে আসে না এবং যা পড়তে আসে লিখতে আসে না	96
মাদ স্বেলাহ পড়ার নিয়ম	97
সূরার শুরুতে হরূফ মুক্বাত্ত্ব'য়াত পড়ার নিয়ম	99

ভূমিকা

প্রশংসা মাত্রই আল্লাহর জন্য। যিনি মানব জাতির মুক্তির দিশারী হিসাবে নাজিল করেছেন আল-কুরআন। দরুদ ও সালাম আমাদের প্রিয় হাবীব মুহাম্মদ (ﷺ)-এর প্রতি যাঁর চরিত্র ছিল আল-কুরআন। তিনি (ﷺ) বলেছেন:"তোমাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি হলো: যে নিজে কুরআন শিখে এবং অন্যদেরকে শিক্ষা দেয়।" আরো বর্ষিত হোক শান্তির ধারা তাঁর পরিবার ও সাহাবীগণ এবং কিয়ামত পর্যন্ত তাঁদের সকল উত্তম অনুসারীদের প্রতি।

১৪২৭ হিজরী সালের পবিত্র রমজান মাস। হঠাৎ করেই মনে জাগল কুরআন নাজিলের মাস রমজান। এ মাসে কুরআনের কিছু খেদমত করতে পারলে জীবনটা ধন্য হত। তাই সাধারণ মুসলিম ভাই ও বোন এবং ছোটদের কুরআন পড়ার জন্য আধুনিক বাংলা ও আরবি নিয়মে একটি বই লেখার দৃঢ় সংকল্প করি। বিলম্ব না করে সে দিনেই এ মহৎ কাজ আরম্ভ করি। যার ফলশ্রুতিতে আজকের এই বইটির অবতারণা।

মহাগ্রন্থ আল-কুরআন আমাদের প্রতি আল্লাহর পক্ষ থেকে একটি পবিত্র বড় আমানত। কিছু মুফাসসীরগণের মতে, আকাশ, পৃথিবী ও পর্বতমালা এই প্রবিত্র মহা আমানত বহন করতে অপরগতা স্বীকার করে। [সূরা আহজাব:৭২] বাবা আদম (আ:) জান্নাতে থাকা অবস্থায় এ মহান আমানতের দায়িত্বভার গ্রহণ করেন। আল্লাহ তা'য়ালা আদম (আ:)-এর সর্বশ্রেষ্ঠ সন্তান সর্বশেষ নবী ও রসূল মুহাম্মদ (ﷺ)-এর প্রতি সর্বশেষ কিতাব রমজানের লাইলাতুল কদরে অবতীর্ণ করেন। দীর্ঘ ২৩ বছরে পূর্ণ কুরআনের নাজিল সম্পন্ন হয়। কিয়ামত পর্যন্ত কুরআন অপরিবর্তন ও অবিকৃত থাকবে; কারণ আল্লাহ তা'য়ালা তাঁর কিতাবের হেফাজতের দায়িত্ব নিজেই গ্রহণ করেছেন। [সূরা হিজর:৯]

আল-কুরআন কিয়ামতের দিন তার সাথীদের জন্য আল্লাহর নিকটে সুপারিশ করবে। আর যারা এ কিতাবকে ত্যাগ করবে তথা পাঠ করবে না, এর উপর আমল ও এ দ্বারা বিচার ফয়সালা এবং মেনে চলবে না তারা কিয়ামতের মাঠে কুরআন ত্যাগকারী বলে বিবেচিত হবে; এ সময় তাদের বাঁচার উপায় কি হবে???!!!

এই পবিত্র আমানত রক্ষার জন্য আমাদের প্রত্যেকের প্রতি চারটি কাজ জরুরি।

১. কুরআন মাজীদের বিশুদ্ধ তেলাওয়াত শিখে নিয়মিত পাঠ করা।
২. কুরআনুল কারীমের যে অর্থ ও তাফসীর রসূলুল্লাহ (ﷺ) তাঁর সাহবাগণকে শিক্ষা দিয়েছিলেন এবং তাঁদের পরে তাবে'য়ী ও ইমামগণ তাই শিখে ছিলেন। আমাদেরকেও সেই সঠিক অর্থ ও তাফসীর জানা।
৩. সঠিক অর্থ ও তাফসীর জেনে প্রতিটি বিষয়ে তার প্রতি যথাযত আমল করা।
৪. যারা কুরআন পড়তে পারে না ও অর্থ জানে না এবং আমলও করে না তাদেরকে শিখানো ও কুরআনের দা'ওয়াত ও তাবলীগ করা।

বিশুদ্ধভাবে কুরআন তেলাওয়াত শিখার জন্য প্রতিটি ভাষায় কিছু পুস্তক প্রণয়ন করা হয়েছে। আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ বিশ্বের দ্বিতীয় বৃহৎ মুসলিম দেশ। পৃথিবীতে প্রায় ৩৫ কোটি বাংলাভাষী মানুষ রয়েছে, যাদের অধিকাংশ মুসলিম। বাংলাভাষী মুসলিম ভাইদের কুরআন শিক্ষার প্রতি চরম আগ্রহ পরিলক্ষিত হয়। কিন্তু আজ স্বাধীনতার প্রায় ৪২ বছর পরেও আমাদেরকে যাঁরা কুরআনের তা'লিম-শিক্ষা দেন তাঁদের শিংহভাগ আজও উর্দু ও ফার্সী নিয়ম থেকে অতিক্রম করতে পারেননি। উর্দু ও ফার্সী নিয়মে আধুনিক নাম দিয়ে বাজারে বিভিন্ন ধরণের বহু বই-পুস্তক রয়েছে।

আরো বড় আশ্চর্য লাগে আরবি কুরআন শিক্ষার জন্য আরবি ও বাংলা ভাষার মাঝে শিক্ষার্থীদের মাথার উপর উর্দু-ফার্সীর বোঝা চাপানো দেখে। এ ছাড়া আরো আশ্চর্যের কথা হলো: যখন এক শ্রেণীর মানুষ

উর্দু-ফার্সী নিয়মকেই আরবি বলে চালিয়ে দেন। আর উর্দু-ফার্সীর ঝামেলা নয় বরং সরাসরি আরবি হতে বাংলার নতুন দিগন্ত উম্মচন করতে আমাদের এ ছোট প্রয়াস।

প্রতিটি ভাষায় যেমন আছে স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ। অনুরূপ আরবি ভাষাতেও আছে কিছু স্বরচিহ্ন (স্বরবর্ণ, স্বরধ্বনি) ও ব্যঞ্জনবর্ণ। আরবি ভাষায় মোট ব্যঞ্জনবর্ণ ২৮ বা ২৯টি। আর স্বরবর্ণ দুই প্রকার। (এক) হ্রস্ব স্বরবর্ণ তিনটি যথা: (ـَـ) আ-কার , (ـِـ) ই-কার, (ـُـ) উ-কার। (দুই) দীর্ঘ স্বরবর্ণ তিনটি যথা: (ـَا) দীর্ঘ আ-কার [এর ব্যবহার বাংলা ভাষাতে নেই], (ـِى) ঈ-কার ও (ـُو) ঊ-কার। এ ছাড়া তিনটি স্বরধ্বনি রয়েছে যথা: (‚ ۥ) হস্ চিহ্ন (ْ), দ্বিত্ব চিহ্ন (ّ) ও (نْ) তানবীন তথা নূন সাকিন যার প্রকাশ হবে: (ـٌـ ـٍـ ـًـ) এভাবে।

কুরআন শিক্ষর জন্য চারটি কাজঃ

১. আরবি ভাষার ২৮/২৯টি ব্যঞ্জনবর্ণের সঠিক নাম, সঠিক উচ্চারণ ও একটি অপরটি হরফের মাঝের পার্থক্য জানা।
২. ব্যঞ্জনবর্ণকে পড়ার জন্য তিনটি হ্রস্ব ও তিনটি দীর্ঘ স্বরবর্ণ জানা।
৩. স্বরবর্ণের সহযোগী আরো তিনটি স্বরধ্বনি তথা: হস্-হসন্ত চিহ্ন ও দ্বিত্ব চিহ্ন এবং তানবীন জানা।
৪. বেশি বেশি করে অনুশীলন করা।

উপরের চারটি কাজ যিনি করবেন তিনি আল্লাহ তা'য়ালার সরল-সহজ কিতাব তেলাওয়াত নিশ্চয় শিখবেন। এ ছাড়া স্বরবর্ণ ও স্বরধ্বনিযুক্ত আরবি দোয়া ও হাদীসও পাঠ করতে পারবেন বলে আমরা ১০০% নিশ্চিত।

বইটির চারটি অংশ রয়েছে: (এক) কুরআনের পরিচিতি। (দুই) কুরআন শিক্ষার সহজ ব্যাকরণ। (তিন) তাজবীদ অংশ। (চার) কুরআন সম্পর্কে প্রায় একশত প্রশ্নের উত্তর। পূর্ণ বইটি প্রথম সংস্করণে ছাপা হয়েছে। এখানে আমরা যারা প্রথম থেকে কুরআন শিখতে ইচ্ছুক তাদের জন্য নতুনভাবে প্রকাশ করা হলো।

বইটির কিছু বৈশিষ্ট্যঃ

১. কুরআন পাঠের জন্য বাংলা ভাষার সাথে সমঞ্জস্যপূর্ণ একটি বই।
২. কুরআন শিক্ষার ব্যাকরণ সম্মত একটি কিতাব।
৩. সরাসরি আরবি হতে বাংলার ব্যবহার।
৪. বাংলা ও আরবি বানান করার পদ্ধতি।
৫. উর্দু ও ফার্সীর ঝামেলা মুক্ত একটি বই।
৬. প্রতিটি পাঠে কুরআন ও আরবি ভাষার শব্দ দ্বারা উদাহরণ।
৭. প্রতিটি পাঠে অনুশীলনী ও সহজে বুঝার জন্য ভিন্ন রঙের ব্যবহার।
৮. সিডির সাহায্যে শিক্ষক ছাড়া ঘরে বসে কুরআন শিখার সুব্যবস্থা।
৯. সৌদি আরবের বাদশাহ ফাহাদ ইবনে আব্দুল আজিজ (রহ:)-এর কুরআন প্রিন্টিং প্রেস হতে আরবি নিয়মে ছাপা কুরআন পড়ার সমস্যা দূরকরণ।

নিজের ও বহু সংখ্যক বাংলাভাষীদের মধ্যে দীর্ঘ দিনের লুকায়িত প্রশ্ন আরবি ও বাংলার মাঝে উর্দু ও ফার্সীর ঝামেলা কেন? এছাড়া আরবি কুরআন পড়ার আরবি সঠিক নিয়ম কী? ইহা দূর করতে উদ্যোগী হতে পেরে এবং একেবারে প্রথম থেকে কুরআন শিখতে ইচ্ছুক ও সোনামণিদের হাতে এই ছোট মূল্যবান উপহার তুলে দিতে পেরে আল্লাহ তা'য়ালার নিকটে অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। বইটি দেশের স্কুল, মাদ্রাসা, মসজিদ ও সৌদি আরবের ইসলামিক সেন্টারগুলোতে সিলেবাসভুক্ত করার জন্য পরামর্শ রইল।

বইটি সর্বশ্রেণীর মানুষের জন্য প্রযোজ্য। তবে নিজের প্রিয় মাতৃভাষা বাংলায় কিছুটা দখল থাকলে অতিদ্রুত ও সহজে বিশুদ্ধভাবে কুরআন পাঠ করা সম্ভব। যদি এই বইটি এবং এর সিডি সংগ্রহ করতে পারেন তবে ইন শাাআল্লাাহ ১০০% নিশ্চিত যে, আপনি পৃথিবীর যেখানেই থাকুন না কেন শিক্ষক মহোদয় আপনার সাথেই আছেন।

বইটির প্রথম প্রকাশ করতে পারায় আমরা আল্লাহ তা'য়ালার মহান দরবারে অশেষ শুকরিয়া জ্ঞাপন করছি। সম্মানিত পাঠক মহোদয় ইহা থেকে উপকৃত হলে আমাদের পরিশ্রম সার্থক হবে। যাঁরাই এ মহৎ

কাজে সহযোগিতা করেছেন এবং যে সকল লেখকের বই-পুস্তক দ্বারা সাহায্য গ্রহণ করেছি তাদের সকলকে আমাদের সকৃতজ্ঞ ধন্যবাদ জানাই। আর আল্লাহ তা'য়ালা তাঁদের সকলকে উত্তম প্রতিদান দান করুন।

পরিশেষে আমাদের নিবেদন এই যে, সংশোধনের কাজ কোন দিনও চূড়ান্ত হবার নয়। অতএব, বইটি পড়ার সময় কোন ভুল-ত্রুটি বা ভ্রম কারো দৃষ্টিতে পড়লে অথবা কোন নতুন ও ভাল প্রস্তাব থাকলে তা আমাদেরকে অবহিত করালে সাদরে গৃহীত হবে এবং তাঁদের নিকট কৃতজ্ঞ থাকব। আর পরবর্তী সংস্করণে যথাযথভাবে তা বিবেচনা করা হবে।

হে আল্লাহ! আমাদের এই মহতী উদ্যোগ ও ক্ষুদ্র প্রচেষ্টাকে কবুল করুন। আমীন!

আবু আহ্মাদ সাইফুদ্দীন বেলাল
আল-আহসা ইসলামিক সেন্টার,
বাংলা বিভাগ, সৌদি আরব।
১/৯/১৪৩২হিঃ ১/৮/২০১১ইং
মোবইল নং :০৫০২৪৫৬৬১৭

পরামর্শ

প্রিয় শিক্ষক মহোদয়, শিক্ষার্থী ও বাবা-মা যাঁরাই বইটি পড়বেন বা পড়াবেন তাঁদের জন্য নিম্নে কিছু জরুরি পরামর্শ দেয়া হলো। আশা করি পরামর্শগুলো গ্রহণ করলে আল্লাহ চাহে আপনার কাঙ্খিত আশা পূরণ হবে।

১. সর্বপ্রথম এ কথা মনে রাখবেন যে, আল্লাহর কিতাব কুরআনুল কারীম সবচেয়ে সহজ একটি কিতাব। [সূরা কামার:১৭,২২,৩২,৪০] কোন প্রকার ভয় পবেন না বা আতঙ্ক সৃষ্টি করবেন না।

২. নিজের মাতৃ ভাষার মত সহজ করে পড়ার চেষ্টা করবেন। কোন প্রকার মাথা বা ঘাড় কিংবা চোখ না নড়িয়ে এবং প্রথম হতেই জিহবা ও শব্দকে স্বাভাবিক রেখে পড়ার বা পড়ানোর অভ্যাস করবেন বা করাবেন।

৩. আরবি ব্যঞ্জনবর্ণগুলো পড়ার সাথে সাথে প্রতিটি পাঠ লেখতে বা লেখাতে হবে। এ ছাড়া প্রতিটি অনুশীলনী গুরুত্ব সহকারে বুঝার ও লেখা বা লেখার চেষ্টা করতে হবে।

৪. একটি পাঠ পূর্ণভাবে না শিখার পূর্বে পরবর্তী পাঠ শিখা বা শিখানোর চেষ্টা করবেন না। আর প্রতিটি পাঠ লেখার ব্যাপারে মনোযোগী থাকবেন।

৫. ব্যঞ্জনবর্ণ সঠিকভাবে শিখতে পারলেই হাতে কুরআন নিয়ে অক্ষরগুলো চিহ্নত করার চেষ্টা করবেন। অক্ষর চিনতে সমস্যা না হলে মনে রাখবেন আপনি এখন শতকরা পঞ্চাশ ভাগ কুরআন পড়া শিখে গেছেন।

৬. স্বরবর্ণ ও স্বরধ্বনি যখন আয়ত্ব করতে পারবেন তখন আরো এক ধাপ অগ্রসর হয়ে কুরআনে তা অনুশীলন করার চেষ্টা করবেন। যদি স্বরবর্ণ ও স্বরধ্বনি চিহ্নত করতে পারেন, তাহলে আপনি আরো বিশ ভাগ যোগ করেন। অর্থাৎ–এখন আপনি (৫০+২০=৭০) ভাগ কুরআন পড়তে পারছেন মনে করবেন।

৭. এবার আপনি বানান করে মিলানোর জন্য বেশি বেশি অনুশীলন করুন। অনুশীলন করার নিয়ম হলো: যে কোন একটি ছোট সূরা বা একটি আয়াত নির্দিষ্ট করে সর্বপ্রথম ব্যঞ্জনবর্ণগুলো কমপক্ষে ১০বার চিহ্নত করুন। এরপর স্বরবর্ণ ও স্বরধ্বনিগুলো ১০বার পড়ার চেষ্টা করুন। অত:পর বানান করে মিলিয়ে পড়া আরম্ভ করুন।

৮. মনে রাখবেন এ অবস্থায় রাস্তায় গাড়ি না চালিয়ে খোলা মাঠে গাড়ি চালাবের চেষ্টা করবেন। অর্থাৎ–এ সময় অনিচ্ছাকৃত ভুল-ভ্রান্তি হলে তাতে কোন অসুবিধা নেই বরং দ্বিগুণ সওয়াব পাবেন।

৯. কুরআন শিখা গাড়ির ড্রাইভিং শিখার মত। যে যত ভয় কম করবে সে ততো তাড়াতাড়ি গাড়ি চালাতে শিখবেন। অল্প জায়গায় বেশি বেশি অনুশীলন করবেন, আল্লাহ চাহে এরপর সমস্ত কুরআনের যে কোন স্থানে দ্রুত গতিতে চলবে।

১০. সম্মানিত বাবা-মা! আপনার সোনামণীদেরকে সহজভাবে কুরআন শিখানোর জন্য নিজেরা প্রথমে বইটি একবার ভালভাবে পড়ে নিবেন। এরপর বাংলার সাথে আরবির অনেকটাই মিল রয়েছে তা বাচ্চাদেরকে বুঝিয়ে দিবেন। আর বিশেষ করে সিডিতে যেভাবে সহজে পড়ার পদ্ধতি দেয়া হয়েছে তা বুঝে অনুসরণ করার চেষ্টা করবেন।

১১. সর্বদা উৎসাহিত করবেন; ভুল করেও কখনো নিরুৎসাহিত করবেন না। হতাশ হওয়া বা ভয় দেখানো কিংবা ভয় করাই হলো কুরআন না শিখতে পারার সবচেয়ে বড় সমস্যা।

১২. কখনো ভুলকরে প্রথমে আরবি অক্ষরের মাখরাজ শিখে বা শিখানোর পর কুরআন শিখার চেষ্টা করবেন না। বরং সঠিক তালকীন তথা বিশুদ্ধভাবে শুনে শুনে অনুরূপ অনুকরণ করার চেষ্টা করবেন।

১৩. বাংলা অথবা আরবি যে কোন একটি বানান পদ্ধতি নির্বাচন করে সর্বদা অনুসরণ করবেন।

الحروف الهجائية العربية

আরবি বর্ণমালা [ব্যঞ্জনবর্ণ-**Consonant**]

ث	ت	ب	ا
د	خ	ح	ج
س	ز	ر	ذ
ط	ض	ص	ش
ف	غ	ع	ظ
م	ل	ك	ق
ي	ه ههه	و	ن

নোটঃ

- প্রতিটি ভাষায় যেমন ব্যঞ্জনবর্ণ ও স্বরবর্ণ আছে। অনুরূপ আরবি ভাষায় আছে কিছু ব্যঞ্জনবর্ণ এবং স্বরচিহ্ন (স্বরবর্ণ ও স্বরধ্বনি)। আরবিতে ব্যঞ্জনবর্ণ মোট ২৮টি। আর হামজাকে আলাদা হরফ হিসাব করলে ২৯টি।
- ব্যঞ্জনবর্ণ বলেঃ যে বর্ণ অন্য বর্ণের তথা স্বরবর্ণের সাহায্য ছাড়া উচ্চারিত হয় না। যেমনঃ ক, খ, গ--- ب ، ت ، ث ।
- স্বরবর্ণ বলেঃ যে বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়াই তথা নিজে নিজেই উচ্চারিত হয়। যেমনঃ অ, ই, উ ---- ـَ ـِ ـُ।
- আলিফ স্বরবর্ণ ও স্বরধ্বনি মুক্ত হলে মাদের অক্ষর। আর যুক্ত হলেই হামজায় পরিণত হয়। তাই হামজা আলাদা কোন অক্ষর না। আবার কেউ কেউ হামজাকে পৃথক অক্ষর ধরে মোট ২৯টি অক্ষর বলেছেন।
- پ، ٹ، چ، ڈ، ڑ، ژ، گ، ں، ے. যথাক্রমে ডান দিক থেকে পে, টে, চে, ডাল, ড়ে, ঝে, গাপ, নূনগুন্নাহ ও ইয়ায়ে মাজহুল অক্ষরগুলো উর্দু-ফার্সী ভাষায় অতিরিক্ত।
- আরবি ز জ্বাই অক্ষরটিকে উর্দু-ফার্সীর ژ ঝে- এর মত পড়া একটি প্রচলিত ভুল।
- ওয়াও, ইয়া ও আলিফ যদি স্বরবর্ণ ও স্বরধ্বনি যুক্ত ছাড়া হয়, তাহলে এ তিনটি অক্ষরকে “মাদের হরফ” বলে।
- বর্ণমালাগুলো ডান ও বাম এবং উপর ও নিচ দিক হতে বারবার পড়ার চেষ্টা করুন।

আরবি অক্ষরের উচ্চারণ

অক্ষর	আরবি	বাংলা	ইংরেজি	উর্দু-ফার্সী
ا	أَلِفْ	আলিফ	**Alif**	আলিফ
ب	بَاءْ	বাা	**Baa**	বে
ت/ة	تَاءْ	তাা	**Taa**	তে
ث	ثَاءْ	ছাা	**Thaa**	ছে
ج	جِيمْ	জীম	**Jiim**	জীম
ح	حَاءْ	হাা	**Haa**	হে
خ	خَاءْ	খ-	**Khaa**	খে
د	دَالْ	দাাল	**Daal**	দাাল
ذ	ذَالْ	যাাল	**Dhaal**	যাাল
ر	رَاءْ	র-	**Raa**	রে
ز	زَايْ	জ্বাাই	**Zaai**	জ্বে
س	سِينْ	সীন	**Siin**	সীন
ش	شِينْ	শীন	**Shiin**	শীন
ص	صَادْ	স্ব-দ	**Saad**	স্ব-দ
ض	ضَادْ	য-দ	**Dhaad**	য-দ

হরফ	আরবি	বাংলা	ইংরেজি	উর্দু-ফার্সী
ط	طَاءْ	ত্ব-	**Taa**	ত্বোই
ظ	ظَاءْ	য-	**Zaa**	যোই
ع	عَينْ	‘আইন	**Ayiin**	‘আইন
غ	غَينْ	গইন	**Gayiin**	গাইন
ف	فَاءْ	ফাা	**Faa**	ফে
ق	قَافْ	ক্ব-ফ	**Qaaf**	ক্ব-ফ
ك	كَافْ	কাফ	**Kaaf**	কাফ
ل	لاَمْ	লাম	**Laam**	লাম
م	مِيمْ	মীম	**Miim**	মীম
ن	نَونْ	নূন	**Nuun**	নূন
و	وَاوْ	ওয়াাও	**Waaw**	ওয়াাও
ه/ هـ	هَاءْ	হাা	**Haa**	হে
ي	يَاءْ	ইয়াা	**Yaa**	ইয়াা

নোট:

১. আরবি ব্যঞ্জনবর্ণগুলো সঠিকভাবে জানার জন্য ৩টি জিনিস জরুরি:

(ক) প্রতিটি অক্ষরের সঠিক নাম জানা।

(খ) প্রতিটি অক্ষরের বিশুদ্ধ উচ্চারণ জানা।

(গ) অক্ষরগুলোর পরস্পরের মাঝের পার্থক্য জানা।

২. অক্ষরগুলোর পরস্পরের পার্থক্য দু'টি জিনিস দ্বারা করা হয়েছে:

(ক) আকৃতি ও রূপের দিক থেকে পার্থক্য। যেমন: ب ج غ ف ل ي

(খ) একই আকৃতির অক্ষরগুলো নোক্তা (ফোটা) ব্যবহার দ্বারা পার্থক্য। যেমন: بـ نـ تـ يـ جـ حـ خـ ثـ شـ

৩. আমাদের দেশে কিছুকাল আগে বা আজও কিছু সংখ্যক মানুষ আরবি অক্ষরগুলোর উচ্চারণ উর্দু-ফার্সী অক্ষরের মত করে থাকেন। আমরা এখানে আরবি উচ্চারণের পাশাপাশি উর্দু-ফার্সী উচ্চারণও তুলে ধরেছি যাতে করে পাঠক পার্থক্য করতে পারেন।

৪. আরবি অক্ষরের মধ্যে এই (خ ، ص ، ض غ ، ط ، ق ، ظ) সাতটি অক্ষরকে ইস্তে'য়ালার অক্ষর বলে। যার উচ্চারণ মোটা স্বরে গোল করে হবে। অনুরূপ (ر) হরফটি যখন ফাতহা আ-কারযুক্ত ও যম্মা উ-কারযুক্ত হবে তখন তাফখীম তথা মোটা স্বরে গোল করে উচ্চারণ করতে হবে। এগুলোর উচ্চারণ ফাতহাযুক্ত হলে গোল করে উচ্চারণের জন্য লিখতে ও পড়তে আ-কার (া) ছাড়াই হবে। তবে প্রয়োজনে ব্যতিক্রম ঘটতে পারে। এ ছাড়া বাকি অক্ষরগুলো আ-কার (া) দ্বারা হবে। আর দীর্ঘ আ-কার (া) যুক্ত হলে লম্বা ও গোল করে টেনে পড়ার জন্য হাইফেন (-) ব্যবহার করা হবে। আর বাকি অক্ষরগুলোকে লম্বা করে টেনে পড়ার জন্য দীর্ঘ আকার তথা দুই (া) আকার [এ ধরণের ব্যবহার বাংলাতে নেই] ও ঈ-কার (ী) এবং ঊ-কার (ূ) ব্যবহার করা হয়েছে। 'আইন উচ্চারণের জন্য উল্টা (') কমাসহ ('য়) এবং সুকূন অবস্থার জন্য শুধুমাত্র উল্টা কমা ব্যবহার করা হবে। আর হামজার সুকূন অবস্থায় উচ্চারণের জন্য শুধু কমা (') ব্যবহার করা হবে।

বাংলা-ইংরেজি প্রতিবর্ণ

অক্ষর	বাংলা	ইংরেজি
ا	আ	A
ب	ব	B
ت	ত	T
ث	ছ	Th
ج	জ	J
ح	হ	H
خ	খ	Kh
د	দ	D
ذ	য	Dh
ر	র	R
ز	জ্ব	Z
س	স	S
ش	শ	Sh
ص	স্ব	S

অক্ষর	বাংলা	ইংরেজি
ض	য	Dh
ط	ত্ব	T
ظ	য	Z
ع	‘আ	A
غ	গ	Gh
ف	ফ	F
ق	ক্ব	Q
ك	ক	K
ل	ল	L
م	ম	M
ن	ন	N
و	ব	W
ه/هـ	হ	H
ء	আ	A
ي	য়	Y

নোট:

আরবি অক্ষরগুলোর অন্য কোন ভাষায় সঠিকভাবে হুবহু উচ্চারণ করা বড় কঠিন কাজ; কারণ আরবি অক্ষরগুলোর মাখরাজ (উচ্চারণস্থলের) সাথে অন্য ভাষার উচ্চারণস্থলের মিল কম। আর কিছু এমনও আছে যার প্রতিবর্ণ নাই।

তাই বিশুদ্ধ উচ্চারণ শেখার জন্য প্রয়োজন ভাল আলেম বা কারি ও হাফেজ সাহেবদের। ঘরে বসে সঠিক উচ্চারণ শিখার জন্য পাঠ্য বইয়ের সাথে আপনাদের জন্য শিক্ষক হিসাবে উপহার থাকবে মূল্যবান একটি সিডি। সিডিতে দেয়া পদ্ধতি অনুসরণ করলে যে কেউ বাড়িতে বসেবসে আরবি অক্ষরের (আল্লাহ চাহে) বিশুদ্ধ উচ্চারণ শিখতে পারবেন। আর সঠিকভাবে কুরআন তেলাওয়াত করতে পারবেন বলে আমরা আশাবাদী।

অনুশীলনী

(ক) কাছাকাছি আকৃতির আরবি অক্ষর:

ب	ت	ث	ج
ح	خ	د	ذ
ر	ز	س	ش
ص	ض	ط	ظ
ع	غ	ن	ف
ق	ة	و	ك
ل	م	هـ ههه ههه ه	
ي	ى	ء أ إ	

অনুশীলনী

(খ) নোক্তাযুক্ত অক্ষরসমূহ:

ج	ث	ت - ة	ب
ش	ز	ذ	خ
ف	غ	ظ	ض
	ي	ن	ق
بتـــثـــشجخذ ضظـــغـــفـــقـــنـــيـــزة			

নোট:

১. কিছু অক্ষর এক নোক্তাযুক্ত। আবার কিছু দুই নোক্তা আর কিছু তিন নোক্তাযুক্ত।

২. কিছু অক্ষরের উপরে নোক্তা আবার কিছু অক্ষরের নিচে নোক্তা।

৩. নোক্তা দ্বারাই একই আকৃতির অক্ষরের মাঝে পার্থক্য করা হয়।

৪. নোক্তাযুক্ত অক্ষরগুলোকে "হুরূফে মানকূতাহ্" আর নোক্তামুক্ত অক্ষরসমূহকে "হুরূফে মুহ্মালাহ্" বলা হয়।

৫. (ت- ة - ـة) তা দু'প্রকার:

(ক) (ت) "তা" মাফতূহা তথা লম্বা তা। ইহা ওয়াস্ল (মিলিয়ে পড়ার সময়) ও ওয়াক্ফ (থামার সময়) উভয় অবস্থায় "তা" উচ্চারিত হবে।

(খ) (ة) "তা" মারবূতা তথা গোল তা। ইহা ওয়াস্‌ল তথা মিলিয়ে পড়ার সময় (ة) তা পড়তে হবে এবং ওয়াক্‌ফের সময় হা (ه)। ইহা সর্বদা নাম-বিশেষ্যের শেষে হয়। যেমনঃ شَـــجَرَ ةٌ (শাজারাতুন) শব্দটি মিলিয়ে না পড়ে যদি ওয়াক্‌ফ করা হয়, তাহলে তাকে হা করে (শাজারাহ্‌) পড়তে হবে।

অনুশীলনী

(গ) নোক্‌তাযুক্ত অক্ষরসমূহঃ

بـــ	نـــ	فـــ	غـــ
جـــ	خـــ	ذ	ز
ضـــ	ظـــ	تـــ	يـــ
قـــ	ثـــ	شـــ	

অনুশীলনী

(ঘ) নোক্‌তা ছাড়া অক্ষরসমূহ:

ر	د	ح	ا
ع	ط	ص	س
و	م	ل	ك
		ء	ه/ هـ
احسصطـــعكلمهـــئـــورد			

অনুশীলনী

(ঙ) খালি ঘর পূরণ করুন:

	ت		ا
	خ		ج
س	ز		ذ
ط		ص	
ف		ع	
	ل		ق
	ه-هھ		ن

অনুশীলনী

(চ) নোক্‌তা যুক্ত করুন:

ٮ	ٮ	ٮ	ا
د	ح	ح	ح
س	ر	ر	د
ط	ص	ص	س
ڡ	ع	ع	ط
م	ل	ك	ٯ
ى	هـ/ه	و	ں

ٮـــٮـــحـحـسـصـطـعـــڡـــڡـــٮـــدر

অনুশীলনী

(ছ) আরবি অক্ষরসমূহ ক্রমানুসারে লিখুন:

অনুশীলনী

(জ) এ আয়াতটিতে কুরআন পড়ার জন্য ২৮টি আরবি ব্যঞ্জনবর্ণ উল্লেখ হয়েছে, চিহ্নিত করে নিচে আলিফ হতে ইয়া পর্যন্ত ক্রমানুসারে লিখুন:

- , + *) (' & % # " ! [

9 8 7 6 | 4 3 2 1 0 / .

F E D C B | @ ? > = (; :

O N M L K J I H G

Z Y X W V U T S | Q P

[সূরা ফাত্হ: ২৯]٢٩ :الفتح Z] \ [

অনুশীলনী

(ঝ) উল্লেখিত আয়াতটিতে ব্যঞ্জনবর্ণকে পড়ার জন্য ৩টি হ্রস্ব স্বরবর্ণ ও ৩টি দীর্ঘ স্বরবর্ণ এবং ৩টি স্বরধ্বনি তথা হস্ চিহ্ন, দ্বিত্ব চিহ্ন ও তানবীন সবই উল্লেখ হয়েছে, এগুলোকে চিহ্নিত করে নিম্নে লিখুন।

নাম	স্বর বা চিহ্ন	নাম	স্বর বা চিহ্ন
ফাতহা (আ-কার)		কাসরা (ই-কার)	
যম্মা (উ-কার)		যম্মা তবীলাহ (দীর্ঘ আ-কার)	
ঈ-কার		ঊ-কার	
হস্ চিহ্ন		দ্বিত্ব চিহ্ন	
ফাতহা তানবীন		কাসরা তানবীন	
যম্মা তানবীন			

অনুশীলনী

স্থানভেদে প্রতিটি অক্ষরের রূপ-আকৃতি:

হরফ	শুরুতে	যেমন	মধ্যখানে	যেমন	শেষে	যেমন
ء	أ	أَمَلَ	ـأ	يَأْتِي	ـلأ	أَمْـلأَ
ب	بـ	بَابٌ	ـبـ	سَبُّـورَةٌ	ـب	مُجِيـبٌ
ت	تـ	تَـوْبَةٌ	ـتـ	فِـتْنَةٌ	ـت	بَـيْـتٌ
ث	ثـ	ثَـوْبٌ	ـثـ	مَنْـثُورٌ	ـث	ثُـلُـثٌ
ج	جـ	جُـنُودٌ	ـجـ	يُـجِيبُ	ـج	حَـجَّ
ح	حـ	حُـبٌّ	ـحـ	نَـحْـنُ	ـح	صَحِيحٌ
خ	خـ	خُـبْزٌ	ـخـ	سَـخِيٌّ	ـخ	مُـخٌّ
د	د	دَعْوَةٌ	ـد	بَـدْرٌ	ـد	جَدِيدٌ
ذ	ذ	ذَوْقٌ	ـذ	كَـذِبٌ	ـذ	أَنْـقَـذَ
ر	ر	رِحْلَةٌ	ـر	مَـرِيضٌ	ـر	مُدِيـرٌ
ز	ز	زُهُورٌ	ـز	عَـزِيمٌ	ـز	عَزِيـزٌ
س	سـ	سَـبْعَةٌ	ـسـ	مُـسْلِمٌ	ـس	شَمْـسٌ
ش	شـ	شُـعُورٌ	ـشـ	بَـشِـيرٌ	ـش	مِشْمِشٌ
ص	صـ	صَـبْرٌ	ـصـ	بَـصِـيرٌ	ـص	لِـصٌّ
ض	ضـ	ضَـمِيرٌ	ـضـ	غَضِـبَ	ـض	بُغْـضٌ
ط	طـ	طَـبُورٌ	ـطـ	خَطِـيرٌ	ـط	قِـطٌّ
ظ	ظـ	ظِـلٌّ	ـظـ	عَظِـيمٌ	ـظ	حَفِيـظٌ
ع	عـ	عِـيدٌ	ـعـ	سَـعِيدٌ	ـع	مُتَوَاضِـعٌ

হরফ	শুরুতে	যেমন	মধ্যখানে	যেমন	শেষে	যেমন
غ	غـ	غُـرْفَةٌ	ـغـ	يَـغِـيظُ	ـغ	صُبْـغٌ
ف	فـ	فُـرُوقٌ	ـفـ	صُفُوفٌ	ـف	عَفِيـفٌ
ق	قـ	قُـرْآنٌ	ـقـ	اسْتَيْقَظَ	ـق	شَقِيـقٌ
ك	كـ	كَـفِيلٌ	ـكـ	عَلَيْكُـمْ	ـك	رَكِيكٌ
ل	لـ	لَـوْنٌ	ـلـ	عُـلُـومٌ	ـل	جَمِيـلٌ
م	مـ	مَـرْحَبًا	ـمـ	فَـمَـنْ	ـم	سَلِيـمٌ
ن	نـ	نَـعِيمٌ	ـنـ	كُنْـتُمْ	ـن	خَاشِعِينَ
هـ	هـ	هِـلَالٌ	ـهـ	شُهُـودٌ	ـه	هِجْرَتُـهُ
و	و	وَرُودٌ	ـو	يَـوْمَ	ـو	يَدْعُـو
ي	يـ	يُـحْيِي	ـيـ	يَسِـيرٌ	ـى ـي	حَتَّى تَحْتِي

নোট:

ব্যবহারের স্থানভেদে অক্ষরের আকৃতি ও রূপ পরিবর্তন হয়। একই অক্ষর শব্দের শুরুতে হলে একরূপ। আবার শব্দের মধ্যখানে বা শেষে হলে অন্যরূপ। যার ফলে অক্ষর চিনতে বড় ধরণের সমস্যা দেখা দেয়। উক্ত সমস্যা থেকে বাঁচার জন্য উপরে প্রতিটি অক্ষর শব্দের শুরুতে, মধ্যে ও শেষে ব্যবহার করে দেখানো হলো। অক্ষরের বিভিন্নরূপ সঠিকভাবে জানার জন্য মনে-প্রাণে চেষ্টা করুন।

আরবি স্বরবর্ণ [Vowels]

নাম		আরবি স্বরবর্ণ	বাংলা প্রতি স্বরবর্ণ	ইংরেজি প্রতি স্বরবর্ণ
হারাকাত ক্বসীরাহ [হ্রস্ব স্বরবর্ণ] (Short Vowels)	ফাতহা ক্বসীরাহ	ـَـ	আ = া	A
	কাসরা ক্বসীরাহ	ـِـ	ই = ি	I
	যম্মা ক্বসীরাহ	ـُـ	উ = ু	U
হারাকাত ত্ববীলাহ [দীর্ঘ স্বরবর্ণ] (Long Vowels)	ফাতহা ত্ববীলাহ	ا + ـَ মাদের আলিফ	আআ =াা	aa
	কাসরা ত্ববীলাহ	ي + ـِ মাদের ইয়া	ঈ = ী	II
	যম্মা ত্ববীলাহ	و + ـُ মাদের ওয়াও	ঊ = ূ	uu

মাদের অক্ষর তিনটি: ওয়াও, আলিফ ও ইয়া। এগুলো মাদের অক্ষর হওয়ার জন্য শর্ত ২টি: (১) হারাকাত (স্বরবর্ণ) ও স্বরধ্বনি মুক্ত হওয়া। যদি হারাকাত বা স্বরধ্বনিযুক্ত হয়, তবে মাদের অক্ষর হবে না। (২) [ا + ـَ] আ-কারের সাথে আলিফ, [ى + ـِ] ই-কারের সাথে ইয়া ও [و + ـُ] উ-কারের সাথে ওয়াও হতে হবে। আর যদি ওয়াও এবং ইয়ার পূর্বে ফাতহা (ـَ) আ-কার হয়, তখন তাকে “লীনের হরফ” বলা হবে।

আরবি স্বরধ্বনি

	আওয়াজ	আরবি স্বরধ্বনি	বাংলা প্রতিস্বর	ইংরেজি প্রতিস্বর
তানবীন NUNATION	ফাতহা তানবীন নূন সাকিন: نْ	ً ـً	আন্	An
	কাসরা তানবীন নূন সাকিন: نْ	ٍ ـٍ	ইন্	In
	যম্মা তানবীন নূন সাকিন: نْ	ٌ ٌ ٌ	উন্	un
সুকূন **ABSENCE OF VOWEL**		ْ ْ ْ	হস্ চিহ্ন (্)	
তাশদীদ-শাদ্দাহ **DOUBLED CONSONANT**		ّ ـّ	দ্বিত্ব চিহ্ন	

হারাকাত ক্বসীরাহ ও হারাকাত ত্বীলাহ
(হ্রস্ব স্বরবর্ণ ও দীর্ঘ স্বরবর্ণ)

আরবিতে হারাকাত তথা স্বরবর্ণ তিনটি:

ফাতহা	কাসরা	যম্মা
ـَ	ـِ	ـُ

এগুলো আবার প্রতিটি দুই প্রকার: ক্বসীরাহ (হ্রস্ব) ও ত্বীলাহ (দীর্ঘ)

(হারাকাত ক্বসীরাহ) হ্রস্ব স্বরবণ		(হারাকাত ত্বীলাহ) দীর্ঘ স্বরবর্ণ	
১	(ফাতহা ক্বসীরাহ) (া) আ-কার	১	(ফাতহা ত্বীলাহ) (া) দীর্ঘ আ-কার
২	(কাসরা ক্বসীরাহ) (ি) ই-কার	২	(কাসরা ত্বীলাহ) (ী) ঈ-কার
৩	(যম্মা ক্বসীরাহ) (ু) উ-কার	৩	(যম্মা ত্বীলাহ) (ূ) ঊ-কার

হ্রস্ব স্বরবর্ণ তিনটি

প্রথমতঃ (ـَـــ) (ফাতহা ক্বসীরাহ) (া) আ-কারঃ

"ফাতহা" অর্থ খুলে যাওয়া। ফাতহাকে এ জন্যে ফাতহা বলা হয় যে, এ (ـَـــ া) স্বরবর্ণটি উচ্চারণের সময় ঠোঁট দু'টি সামনের দিকে খুলে যায়। আর "ক্বসীরাহ" অর্থ ছোট বা অদীর্ঘ ও খাট। সুতরাং, "ফাতহা ক্বসীরাহ"-এর অর্থ হলোঃ যে (ـَـــ া) টি ছোট করে (না টেনে) পড়তে হয়। ইহা বাংলায় আ-কারের (া) মত উচ্চারিত হবে। ফাতহা যে হরফের উপর হয় তাকে "মাফতূহ" তথা আ-কারযুক্ত হরফ বলে। আরবি অক্ষরের মধ্যে এই (خ ، ص ، ض غ ، ط ، ق ، ظ.) সাতটি অক্ষরকে ইস্তে'য়ালার অক্ষর বলে। যার উচ্চারণ মোটা স্বরে গোল করে হবে। অনুরূপ (ر) হরফটি যখন ফাতহা (া) যুক্ত হবে তখন তাফখীম তথা মোটা স্বরে গোল করে উচ্চারণ করতে হবে। এগুলোর উচ্চারণ ফাতহা (া) যুক্ত হলে আ-কার (া) ছাড়াই হবে।

[উর্দু-ফার্সীতে ফাতহাকে জবর বলে। জবর অর্থ উপরে, ইহা হরফের উপরে থাকে বলে জবর বলা হয়।]

উদাহরণ

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
كَتَبَ	কাতাবা	ذَهَبَ	যাহাবা
أَمَرَ	আমারা	فَـــتَحَ	ফাতাহা
أَكَلَ	আকালা	جَبَلَ	জাবালা

অনুশীলনী

ফাতহা কাসীরাহযুক্ত হরফগুলোর নিচে দাগ দিন এবং উচ্চারণ লিখুন:

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
كَرُمَ		أَذِنَ	
فَهِمَ		لَمَعَ	
دَخَلَ		خَرَجَ	

ফাতহা ক্বসীরাহ তথা আ-কার (া)-দ্বারা অনুশীলনী

خَ	حَ	جَ	ثَ	تَ	بَ	أَ
খ	হা	জা	ছা	তা	বা	আ
صَ	شَ	سَ	زَ	رَ	ذَ	دَ
স্ব	শা	সা	জ্বা	র	যা	দা
قَ	فَ	غَ	عَ	ظَ	طَ	ضَ
ক্ব	ফা	গ	‘য়া	য	ত্ব	য
يَ	هَ	وَ	نَ	مَ	لَ	كَ
ইয়া	হা	ওয়া	না	মা	লা	কা

নোট:

১. ফাতহা (ـَا) যুক্ত হরফকে পড়ার সময় যেন টান লম্বা না হয় তার প্রতি লক্ষ্য রাখতে হবে। আর একবার বানান করে ও দ্বিতিয়বার বানান ছাড়া আ, বা, তা, ছা ––– এভাবে পড়তে হবে।

২. বানান করে পড়ার নিয়ম:

বাংলা: হামজা (া) আ-কার (আ) বা (া) আ-কার (বা) তা (া) আ-কার (তা) -----।

আরবি: হামজা ফাতহা (আ) বা ফাতহা (বা) তা ফাতহা (তা)-------।

দ্বিতীয়তঃ (___) (কাসরা ক্বসীরাহ) ই-কার (ি):

কাসরা অর্থ ভেঙ্গে যাওয়া। কাসরাকে এ জন্যে কাসরা বলা হয় যে, এ (___ ি) স্বরবর্ণটি উচ্চারণের সময় নিচের ঠোঁটটি নিচের দিকে ভেঙ্গে আসে। অতএব "কাসরা ক্বসীরাহ" হলোঃ যে (____ ি) টি উচ্চারণের সময় নিচের ঠোঁটটি নিচের দিকে ভেঙ্গে যায় এবং না টেনে পড়তে হয়। ইহা বাংলায় ই-কারের (ি) মত উচ্চারিত হবে। অনেকেই এর উচ্চারণ একার (ে)-এর মত করে থাকেন যা বহুল প্রচলিত ভুল। একারের ব্যবহার উর্দু-ফার্সী ভাষাতে থাকলেও আরবিতে নেই। কুরআনের মাত্র একবার সূরা হুদের ৪১ নং আয়াতে (c) ''মাজরেহা'' শব্দটির আলিফকে 'ইমালা' করে পড়ার জন্য (ে) এ-কারের মত পড়তে হবে।

ইমালা হলোঃ আলিফকে 'ইয়া'মুখী এবং ফাতহাকে কাসরামুখী করে পড়ার নাম ইমালা। কাসরা যে হরফের নিচে হয় তাকে "মাকসূর" তথা কাসরাযুক্ত হরফ বলে।

[উর্দু-ফার্সীতে কাসরাকে যের বলে। যের অর্থ নিচে, ইহা হরফের নিচে হয় তাই যের বলা হয়।]

উদাহরণ

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
قِدَمٌ	কিদামুন্‌	عِنَبٌ	‘ইনাবুন্‌
عِوَجٌ	‘ইওয়াজুন্‌	كِرَمٌ	কিরামুন্‌
رَكِبَ	রকিবা	فَهِمَ	ফাহিমা
نَدِمَ	নাদিমা	لَعِبَ	লা‘ইবা

অনুশীলনী

কাসরা কৃসীরাযুক্ত হরফগুলোর নিচে দাগ দিন এবং উচ্চারণ লিখুন:

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
عَلِمَ		سَعِدَ	
سَمِعَ		مَنْطِقٌ	
فَرِحَ		بَخِلَ	

কাসরা ক্বসীরাহ তথা ই-কার (ি)-দ্বারা অনুশীলনী

خِ	حِ	جِ	ثِ	تِ	بِ	إِ
খি	হি	জি	ছি	তি	বি	ই
صِ	شِ	سِ	زِ	رِ	ذِ	دِ
স্বি	শি	সি	জ্বি	রি	যি	দি
قِ	فِ	غِ	عِ	ظِ	طِ	ضِ
ক্বি	ফি	গি	য়ি	যি	ত্বি	যি
يِ	هِـ	وِ	نِ	مِ	لِ	كِ
ইয়ি	হি	বি	নি	মি	লি	কি

১. কাসরাকে (ি) (ে) এ-কার পড়া থেকে বিরত থাকতে হবে। আর একবার বানান করে ও দ্বিতিয়বার বানান ছাড়া ই, বি, তি, ছি ––– এভাবে পড়তে হবে।

২. বানান করে পড়ার নিয়ম:

বাংলা: হামজা (ি) ই-কার (ই) বা (ি) ই-কার (বি) তা (ি) ই-কার (তি) -------।

আরবি: হামজা ফাতহা (আ) বা ফাতহা (বা) তা ফাতহা (তা)-------।

তৃতীয়তঃ (ـُـ) (যম্মা ক্বসীরাহ) উ-কার (ু):

যম্মা অর্থ মিলে যাওয়া। যম্মাকে যম্মা এ জন্যে বলা হয় যে, এ (ـُـ ু) স্বরবর্ণটি উচ্চারণের সময় ঠোঁট দু'টি সামনের দিকে গোল হয়ে মিলে যায়।

যে যম্মা না টেনে সাধারণ ভাবে ছোট করে পড়তে হয়। এর উচ্চারণ বাংলায় উকারের (ু) মত হবে। যম্মা যে হরফের উপরে হয় তাকে "মাযমূম" যম্মাযুক্ত হরফ বলে। অনেকেই এর উচ্চারণ ওকার (ো)-এর মত করে থাকেন। ইহা একটি বড় ধরনের ভুল। উর্দু-ফারসীতে ওকার (ো)-এর উচ্চারণ থাকলেও আরবিতে এর ব্যবহার নেই।

[উর্দু-ফারসীতে একে পেশ বলে। পেশ অর্থ সামনে, ইহা হরফের সামনে থাকে বলে পেশ বলা হয়।]

উদাহরণ

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
شَرُفَ	শারুফা	مُحِبٌّ	মুহিব্বুন্
زُفَرٌ	জুফারুন্	كَرُمَ	কারুমা
قُلْ	কুল্	حَسُنَ	হাসুনা
قُمْ	কুম্	صُمْ	স্বুম্

অনুশীলনী

যম্মা কাসীরাহযুক্ত হরফগুলোর নিচে দাগ দিন এবং উচ্চারণ লিখুন:

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
مُذِلٌّ		مُعِزٌّ	
كُلْ		عُمَرُ	
عَظُمَ		ظُلْمٌ	

যম্মা ক্বসীরাহ তথা উ-কার (ু)-দ্বারা অনুশীলনী

خُ	حُ	جُ	ثُ	تُ	بُ	أُ
খু	হু	জু	ছু	তু	বু	উ
صُ	شُ	سُ	زُ	رُ	ذُ	دُ
স্বু	শু	সু	জু	রু	যু	দু
قُ	فُ	غُ	عُ	ظُ	طُ	ضُ
কু	ফু	গু	‘য়ু	যু	তু	যু
يُ	هُـ	وُ	نُ	مُ	لُ	كُ
ইয়ু	হু	বু	নু	মু	লু	কু

১. যম্মা-উ-কার (ু)কে (ো) ওকার পড়া থেকে সাবধান থাকতে হবে। আর একবার বানান করে ও দ্বিতিয়বার বানান ছাড়া উ, বু , তু , ছু ––– এভাবে পড়তে হবে।

২. বানান করে পড়ার নিয়ম:

বাংলা: হামজা (ু) উ, বা (ু) বু , তা (ু) তু ---------।

আরবি: হামজা যম্মা (উ) বা যম্মা (বু) তা যম্মা (তু) -------।

ফাতহা (ا), কাসরা (ِ) ও যম্মা (ُ) দ্বারা এক সাথে অনুশীলনী

أَ إِ أُ	بَ بِ بُ	تَ تِ تُ	ثَ ثِ ثُ
جَ جِ جُ	حَ حِ حُ	خَ خِ خُ	دَ دِ دُ
ذَ ذِ ذُ	رَ رِ رُ	زَ زِ زُ	سَ سِ سُ
شَ شِ شُ	صَ صِ صُ	ضَ ضِ ضُ	طَ طِ طُ
ظَ ظِ ظُ	عَ عِ عُ	غَ غِ غُ	فَ فِ فُ
قَ قِ قُ	كَ كِ كُ	لَ لِ لُ	مَ مِ مُ
نَ نِ نُ	هَ هِ هُ-ةَ ةِ ةُ	وَ وِ وُ	يَ يِ يُ

১. বানান করার নিয়ম হলো:

বাংলা: হামজা (া) আ-কার (আ), হামজা (ি) ই-কার (ই), হামজা (ু) উ-কার (উ) = আ ই উ -------।

আরবি: হামজা ফাতহা (আ) হামজা কাসরা (ই) হামজা যম্মা (উ) = আ ই উ-------।

২. একবার বানান করে ও দ্বিতিয়বার বানান ছাড়া আ ই উ, বা বি বু, তা তি তু, ছা ছি ছু ––– এভাবে পড়বে।

দীর্ঘ স্বরবর্ণ তিনটি

১. (ا + ـَـ) (ফাতহা ত্বীলাহ) দীর্ঘ আকার (া):

"ত্বীলাহ" অর্থ লম্বা বা দীর্ঘ। ফাতহা ক্বসীরাকে একটু দীর্ঘ করে টেনে পড়াই হলো "ফাতহা ত্বীলাহ" তথা দীর্ঘ আ-কার। বাংলায় দীর্ঘ আ-কার (া) এভাবে হবে। এ ধরণের ব্যবহার বাংলা ভাষাতে নেই। এর জন্য শর্ত হলো: "মাফতূহ" তথা ফাতহাযুক্ত হরফের পরে মাদের আলিফ হতে হবে। "মাদের আলিফ" হারাকাত (স্বরবর্ণ) ও স্বরধ্বনি মুক্ত আলিফকে বলে। আরবি কুরআনে কোন কোন স্থানে অক্ষরের উপর ফাতহার সাথে একটি ছোট আলিফ লিখা হয়। যেমন: (

ফাতহা ত্বীলাহ দীর্ঘ আ-কার (া)-এর ন্যায় উচ্চারিত হবে। ইহা দুই হারাকাত তথা এক আলিফ বরাবর টেনে পড়তে হবে।
[উর্দু-ফার্সীতে কোন কোন স্থানে মাদের আফিলের পরিবর্তে খাড়া যবর ব্যবহার করা হয়। আরবিতে এ ধরণের ব্যবহার নেই।]

উদাহরণ

শব্দ	বাংলা উচ্চারণ	মদ্দ	বাংলা উচ্চারণ
كَاتِبٌ	কাাতিবুন্	ذَاهِبٌ	যাাহিবুন্
#	আররহ্মাানি	%	আস্স্ব–লিহ্যাতি

ফাতহা ত্বীলাহ–দীর্ঘ আ-কার (া)-দ্বারা অনুশীলনী

خَا	حَا	جَا	ثَا	تَا	بَا	ءَا
খ-	হা	জা	ছা	তা	বা	আ
صَا	شَا	سَا	زَا	رَا	ذَا	دَا
স্ব-	শা	সা	জা	র-	যা	দা
قَا	فَا	غَا	عَا	ظَا	طَا	ضَا
ক্ব-	ফা	গ-	‘আ	য-	ত্ব-	য-
يَا	هَـــا	وَا	نَا	مَا	لَا	كَا
ইয়া	হা	ওয়া	না	মা	লা	কা

১. ইস্তি‘য়ালার এ (خ ص ض غ ط ق ظ) ৭টি হরফ ও ر -এর দীর্ঘ আকারকে টেনে পড়ার জন্য হাইফেন (-) ব্যবহার করা হয়েছে। আর বাকি হরফের জন্য (া) আকার ব্যবহার করা হয়েছে।

২. একবার বানান করে ও দ্বিতিয়বার বানান ছাড়া পড়তে হবে।

৩. বানান করার নিয়ম:

বাংলা: হামজা দীর্ঘ আ-কার= আ, বা দীর্ঘ=বা, তা দীর্ঘ=তা-------।

আরবি: হামজা আলিফ ফাতহা=আ, বা আলিফ ফাতহা=বা, তা আলিফ=তা-----।

অনুশীলনী

ফাতহা ত্বীলাহযুক্ত হরফগুলোর নিচে দাগ দিন এবং উচ্চারণ লিখুন:

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
سَلَامٌ		إِخْرَاجٌ	
مُسَافِرٌ		اِبْـــتِسَامٌ	
(		أَصْحَابُ	

২. (ي + ـِـ) (কাসরা ত্বীলাহ) ঈ-কার (ী):

কাসরা ক্বসীরাকে একটু দীর্ঘ করে টেনে পড়াই হলো "কাসরা ত্বীলাহ। এর জন্য শর্ত হলো "মাকসূর" তথা কাসরাযুক্ত হরফের পরে মাদের ইয়া হতে হবে। "মাদের ইয়া" হারাকাত (স্বরবর্ণ) ও স্বরধ্বনি মুক্ত ইয়াকে বলে। কাসরা ক্বসীরার উচ্চারণ ঈ-কারের (ী) ন্যায় লম্বা করে টেনে হবে। ইহা দুই হারাকাত (এক আলিফ) বরাবর টেনে পড়তে হবে।

উদাহরণ

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
رَبِيعٌ	র-বী'উন্	بَصِيـــرٌ	বাসীরুন্
بَخِيلٌ	বাখীলুন্	سَمِيعٌ	সামী'উন্
سَعِيدٌ	সা'য়ীদুন্	كَرِيمٌ	কারীমুন্
دَاعِي	দা'য়ী	قَاضِي	ক্ব—যী

কাসরা ত্বীলাহ্ তথা ঈ-কার (ী) দ্বারা অনুশীলনী

خِی	حِی	جِی	ثِی	تِی	بِی	ئِی
খী	হী	জী	ছী	তী	বী	ঈ
صِی	شِی	سِی	زِی	رِی	ذِی	دِی
স্বী	শী	সী	জী	রী	যী	দী
قِی	فِی	غِی	عِی	ظِی	طِی	ضِی
ক্বী	ফী	গী	‘য়ী	যী	ত্বী	যী
یِی	هِی	وِی	نِی	مِی	لِی	كِی
ইয়ী	হী	বী	নী	মী	লী	কী

১. বানান করে পড়ার নিয়ম:

বাংলা: হামজা ঈ-কার=ঈ, বা ঈ-কার=বী, তা ঈ-কার=তী,------ ।

আরবি: হামজা ইয়া কাসরা=ঈ, বা কাসরা ইয়া=বী, তা কাসরা ইয়া= তী---------- ।

২. দীর্ঘ ঈ-কারের মত টেনে পড়বে। একবার বানান করে ও দ্বিতিয়বার বানান ছাড়া পড়তে হবে।

অনুশীলনী

কাসরা ত্বীলাহযুক্ত হরফগুলোর নিচে দাগ দিন এবং উচ্চারণ লিখুন:

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
قَلِيلٌ		فِي	
كَثِيرٌ		لِي	
حَبِيبٌ		قَدِيرٌ	

৩. (و + ـــُـ) (যম্মা ত্বীলা) ঊ-কার (ূ):

যে যম্মা লম্বা করে টেনে পড়া হয় তাকে যম্মা ত্বীলাহ বলে। এর জন্য শর্ত “মাযমূম” তথা যম্মাযুক্ত হরফের পরে মাদের ওয়াও হতে হবে। “মাদের ওয়াও” হারাকাত (স্বরবর্ণ) ও স্বরধ্বনি মুক্ত ওয়াওকে বলে। যম্মা ত্বীলাহ ঊ-কারের (ূ) ন্যায় লম্বা করে টেনে পড়তে হবে। একে দুই হারাকাত (এক আলিফ) বরাবর টেনে পড়তে হবে।

উদাহরণ

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
سُوقٌ	সূকুন্	حَافِظُونَ	হাাফিযূনা
كَافِرُونَ	কাাফিরূনা	قُرُونٌ	কুরূনুন্

যম্মা ত্বীলাহ ঊ-কার (ূ)-দ্বারা অনুশীলনী

خُو	حُو	جُو	ثُو	تُو	بُو	أُو
خূ	হূ	জূ	ছূ	তূ	বূ	ঊ
صُو	شُو	سُو	زُو	رُو	ذُو	دُو
স্বূ	শূ	সূ	জূ	রূ	যূ	দূ
قُو	فُو	غُو	عُو	ظُو	طُو	ضُو
কূ	ফূ	গূ	ঁঊ	যূ	তূ	যূ
يُو	هُو	وُو	نُو	مُو	لُو	كُو
ইয়ূ	হূ	বূ	নূ	মূ	লূ	কূ

১. ওয়াও হরফটি (ি, ী , ু ও ূ) বিশিষ্ট হলে ব ও ভ অক্ষরের মাঝামাঝি উচ্চারিত হবে। ভি, ভী, ভু ও ভূ উচ্চারণ করা ঠিক না।

২. আমাদের দেশীয় কুরআনে মাদের ইয়া ও ওয়াও-এর উপরে সুকূন ব্যবহার করা হয়, যা আরবি ব্যাকরণ একটি ভুল।

৩. বানান করে পড়ার নিয়ম:

বাংলা: হামজা ঊ-কার=ঊ, বা ঊ-কার= বূ, তা (ূ) ঊ-কার= তূ, ----।

আরবি: হামজা ওয়াও যম্মা=ঊ, বা ওয়াও যম্মা= বূ, তা ওয়াও যম্মা= তূ---।

৪. একবার বানান করে ও দ্বিতিয়বার বানান ছাড়া পড়তে হবে।

অনুশীলনী

যম্মা ত্ববীলাহযুক্ত হরফগুলোর নিচে দাগ দিন এবং উচ্চারণ লিখুন:

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
يُنْصَرُونَ		يَكْـــتُبُونَ	
تَعْبُدُونَ		يَأْمُرُونَ	

অনুশীলনী

হ্রস্ব [ক্বসীরাহ] ও দীর্ঘ [ত্ববীলাহ] স্বরবর্ণ চিহ্নিত করে সঠিক উচ্চারণ লিখুন:

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
كُتِبَ		نُصِرَ		قُتِلَ	
i		ءَاتُونِى		أُوذِينَا	

স্বরধ্বনি তিনটি

আরবি ভাষায় যেমন স্বরবর্ণ আছে তেমনি আছে ৩টি স্বরধ্বনি। এগুলো স্বরবর্ণের মত ব্যঞ্জনবর্ণকে উচ্চারণ করতে সাহায্য করে।

(এক) সকূন (ْ) হস্-হসন্ত চিহ্ন (্)

হারাকাত না থাকলে কুকূন ব্যবহার হবে। সুকূন অর্থ স্থির হওয়া ও থেমে যাওয়া। সুকূনকে এ জন্য সুকূন বলা হয় যে, সুকূনযুক্ত হরফ উচ্চারণের সময় তার মাখরাজে (উচ্চারণস্থলে) আওয়াজ কিছুক্ষণের জন্য থেমে ও স্থির হয়ে যায়। যতক্ষণ পর্যন্ত পরের অক্ষরের মাখরাজে স্থানান্তর না হয়, ততক্ষণ সে অবস্থায় স্থির থাকে। যে হরফের উপর সুকূন হয় সে হরফকে "সাকিন" সুকূনযুক্ত হরফ বলে। যেমন : يَكْتُبُ শব্দটির 'কাফ' অক্ষরটি সাকিন তথা সুকূনযুক্ত যা উচ্চারণের সময় তার মাখরাজে আওয়াজ স্থির ও থেমে যাবে। যতক্ষণ পর্যন্ত পরের অক্ষর 'তা' উচ্চারণের জন্য স্থানান্তর না হবে ততক্ষণ সে স্থানেই আওয়াজ স্থির রাখতে হবে। বাংলায় এর উচ্চারণ হস্ তথা হসন্ত (্)চিহ্নের মত হবে।

নোট:

সুকূনের নিজস্ব কোন আওয়াজ নেই তাই সুকূনযুক্ত হরফ তথা সাকিনকে তার পূর্বের হরফের হারাকাত দ্বারা মিলিয়ে পড়তে হবে। কিছু বই পত্রে হস্ চিহ্নকে জযম বলে। ইহা একটি ভুল; কারণ জযম বলে আরবি ব্যাকরণের শব্দের শেষে সুকূন হওয়াকে যা সুকূন ছাড়াও হতে পারে। আর স্বরচিহ্নটিকে বলে সুকূন যা শব্দের শেষে ও মাঝে হতে পারে।

এখানে তিন ধরণের সুকূনের চিহ্ন দেখানো হয়েছে। প্রথমটি উর্দু-ফার্সী ছাপা নিয়মের কুরআনের ব্যবহার করা হয়। আর দ্বিতীয়টি আরবি নিয়মে ছাড়া কুরআনে ব্যবহার করা য়। আর তৃতীয়টি কুরআন ছাড়া আরবি হাদীস বা দোয়া ইত্যাদিতে ব্যবহার হয়। এছাড়া আরবি

কুরআনে “হরফে জায়েদ” তথা অতিরিক্ত হরফের উপরও গোলবৃত্ত আকারের (˚) এ চিহ্নটি যা সুকূনের মত দেখতে বসানো থাকে। এটাকে ভুল করে সুকূন মনে করবেন না। যেমন: h শব্দের শেষে আলিফের উপরের গোল চিহ্ন এটি সুকূন নয়। আরবি সুকূন (ْ) হা অক্ষরের মাথার মত।

উদাহরণ

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
يَذْهَبُ	ইয়াযহাবু	يَكْتُبُونَ	ইয়াক্তুবূনা
يَشْهَدُ	ইয়াশহাদু	يَبْلُغُ	ইয়াব্লুগু

অনুশীলনী

সাকিনের নিচে দাগ দিন এবং উচ্চারণ লিখুন:

শব্দ	বাংলা উচ্চারণ	শব্দ	বাংলা উচ্চারণ
يَسْبَحُ		يَضْرِبُ	
يَظْهَرُ		يَمْكُرُ	

সুকূন (ْ) হস (্)-এর আ-কার (া) দ্বারা অনুশীলনী

أَخْ	أَحْ	أَجْ	أَثْ	أَتْ	أَبْ	أَءْ
আখ্	আহ্	আজ্	আছ্	আত্	আব্	আ’
أَصْ	أَشْ	أَسْ	أَزْ	أَرْ	أَذْ	أَدْ
আস্ব্	আশ্	আস্	আজ্	আর্	আয্	আদ্
أَقْ	أَفْ	أَغْ	أَعْ	أَظْ	أَطْ	أَضْ
আক্	আফ্	আগ্	আ‘	আয্	আত্	আয্
أَيْ	أَهْ	أَوْ	أَنْ	أَمْ	أَلْ	أَكْ
আয়্	আহ্	আও্	আন্	আম্	আল্	আক্

১. বানান করে পড়ার পদ্ধতি:

বাংলাঃ হামজা আ-কার (া) হামজা হস্ (্) আ’ , হামজা আ-কার (া) বা হস্ (্) আব্ , হামজা আ-কার (া) তা হস্ (্) আত্ ,---------।

আরবিঃ হামজা ফাতহা হামজা সূকূন আ’, হামজা ফাতহা বা সুকূন আব্, হামজা ফাতহা তা সুকূন আত্ ---------।

২. একবার বানান করে এবং দ্বিতিয়বার বানান ছাড়া পড়তে হবে।

সুকূন (ْ) হস (ِ) -এর ই-কার (ি) দ্বারা অনুশীলনী

إِخْ	إِحْ	إِجْ	إِثْ	إِتْ	إِبْ	إِءْ
ইখ্	ইহ্	ইজ্	ইছ্	ইত্	ইব্	ই’
إِصْ	إِشْ	إِسْ	إِزْ	إِرْ	إِذْ	إِدْ
